

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭১৩

٩. यन गलाता সूमिष्ठ উপদেশমালা (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ মানুষের জন্য উত্তম হলো সে নশ্বর এই দুনিয়া থেকে রিক্তহস্ত হয়ে চলে যাবে, তার উপর সহায়-সম্পদের বোঝা থাকার চেয়ে, যার জন্য তাকে হিসাবের মুখোমুখি করা হবে

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ أَنْ يَكُونَ خُرُوجُهُ مِنْ هَذِهِ الدُّنْيَا الْفَانِيَةِ الزَّائِلَةِ وَهُوَ صِفْرُ الْيَدَيْنِ مِمَّا يُحاسب عَلَيْهِ مِمَّا فِي عُنُقِهِ

আরবী

713 ـ أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ دَاؤُدَ بْنِ وَرْدَانَ بِالْفُسْطَاطِ حَدَّثَنَا عِيسَى بْنُ حَمَّادٍ أَخْبَرَنَا اللَّيْتُ عَنِ ابْنِ عَجْلَانَ عَنْ أَبِي حَازِمٍ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ عَائِشَةَ أَنَّهَا اللَّيْتُ عَنِ ابْنِ عَجْلَانَ عَنْ أَبِي حَازِمٍ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ عَائِشَةَ أَنَّهَا قَالَت: اشْتَدَّ وَجَعُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعِنْدَهُ سَبْعَةُ دَنَانِيرَ أَوْ تِسْعَةٌ فَقَالَ وَاللَّهُ مَا فَعَلَتْ تِلْكَ الذَّهَبُ)؟ فَقُلْتُ: هِي عِنْدِي قَالَ: (تصدَّقي بِهَا) قَالَتْ: فَشُغِلْت بِهَا عَائِشَةُ مَا فَعَلَتْ تِلْكَ الذَّهَبُ)؟ فَقُلْتُ: هِي عِنْدِي فَقَالَ: (ائتيني بِهَا) قَالَتْ: بِهِ ثُمَّ قَالَ: (يَا عَائِشَةُ مَا فَعَلَتْ تِلْكَ الذَّهَبُ)؟ فَقُلْتُ: هِي عِنْدي فَقَالَ: (ائتيني بِهَا) قَالَتْ: فَشُغِلْت بِهَا فَوَضَعَهَا فِي كَفِّهِ ثُمَّ قَالَ: (مَا ظَنُّ مُحَمَّدٍ أَنْ لَوْ لَقِيَ اللَّهُ وَهَذِهِ عِنْدَهُ؟ مَا ظَنُ مُحَمَّدٍ أَنْ لَوْ لَقِيَ اللَّهُ وَهَذِهِ عِنْدَهُ؟ مَا ظَنُ مُحَمَّدٍ أَنْ لَوْ لَقِيَ اللَّهُ وَهَذِهِ عِنْدَهُ؟ مَا ظَنُ مُحَمَّدٍ أَنْ لَوْ لَقِيَ اللَّهُ وَهَذِهِ عِنْدَهُ؟ مَا ظَنُ مُحَمَّدٍ أَنْ لَو لَقِي اللَّهُ وَهَذِهِ عِنْدَهُ؟

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 713 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭১৩. আয়িশা রাদিয়াল্লাহু তা'আলা আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পীড়া প্রকট আকার ধারণ করলো, এসময় তাঁর কাছে সাত বা নয়টি দীনার (স্বর্ণমুদ্রা) ছিল। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "হে আয়িশা রাদিয়াল্লাহু তা'আলা আনহা, ঐ স্বর্ণগুলোর কী খবর?" আমি বললাম, "ওগুলো আমার কাছে আছে।" তিনি বলেন, "তুমি ওগুলো সাদাকা করে দাও।" অতঃপর আমি তাঁর খিদমাতে ব্যস্ত হয়ে পড়ি। তারপর তিনি আবারো আমাকে বলেন, "হে আয়িশা রাদিয়াল্লাহু তা'আলা আনহা, ঐ স্বর্ণগুলোর কী খবর?" আমি বললাম, "ওগুলো আমার কাছে আছে।" তিনি বলেন, "তুমি ওগুলো আমার কাছে



নিয়ে আসা।" আয়িশা রাদিয়াল্লাহু তা'আলা আনহা বলেন, "অতঃপর আমি তা তাঁর কাছে নিয়ে আসি। তিনি সেগুলো তাঁর হাতের তালুতে রাখলেন এবং বললেন, "মুহাম্মাদের (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কী ধারণা (তাঁর প্রতিপালকের ব্যাপারে), যদি তিনি আল্লাহর সাথে সাক্ষাৎ করেন এমন অবস্থায় যে, এসব তাঁর কাছে বিদ্যমান রয়েছে?"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৪৯; হাইসামী, মাজমা'উয যাওয়াইদ: ১০/২৩৯।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১০১৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন